সংবাদ

তারিখ ..16 AUG 2017...
পৃষ্ঠা ..১..১৬.. কলাম ....১.. ......

# জাবি ভর্তি পরীক্ষার অনলাইন আবেদন ২০ আগস্ট শুরু

**প্রতিনিধি, জাবি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষার অনলাইনে আবেদন ২০ আগস্ট সকাল ১০টা থেকে শুরু হবে। আবেদন প্রক্রিয়া চলবে ২১ সেপ্টেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

গতকাল বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-১) ও কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব মো. আবু হাসান এ তথ্য নিশ্চিত করেছেন। আবু হাসান জানান, আগামী ৮ অক্টোবর থেকে ১৮ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর সব অনুষদে ইউনিট এবং ইনস্টিটিউটভিত্তিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে ইউনিটভেদে মানবন্টনের ক্ষেত্রে কিছুটা পার্থক্য থাকবে। ভর্তিচ্ছুদের আবেদন ফরম পূরণ, ভর্তির যোগ্যতা, শর্তাবলি ও প্রশ্নের মানবন্টনসহ বিভিন্ন ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ৩

## ভর্তি : পরীক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

তথ্য নিম্নোক্ত ওয়েবসাইট (লঁ-ধফসরংংরড়হ.ড়ৎম) থেকে ডাউনলোড করা যাবে। ফরমের মূল্য সম্পর্কে তিনি বলেন, এ বছর এ, বি, সি, ডি ও ই ইউনিটের প্রতিটির জন্য ৫৫০ টাকা এবং সি ওয়ান, এফ, জি এইচ ও আই ইউনিটের প্রতিটির জন্য ৩৫০ টাকা পরিশোধ করতে হবে। ফরমের মূল্য ডাচ্-বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে পরিশোধ করতে হবে।

আই ইউনিটের অধীন বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি নতুন ইনস্টিটিউট সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, এ ইনস্টিটিউটে সকল বিভাগের শিক্ষার্থীরা আবেদনের সুযোগ পাবে এবং এই ইউনিটে শিক্ষার্থীরা বাংলা ১৫, ইংরেজি ১৫, বিশ্বসাহিত্য ১০, সাধারণ জ্ঞান ১০, সংস্কৃতি ৫, নৃবিজ্ঞান ৫, প্রত্নতত্ত্ব ৫, বঙ্গবন্ধু-মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ ১০, ইতিহাস-ঐতিহ্য ৫ মানবন্টনে পরীক্ষা দিতে হবে। জানা যায়, এ বছরে বিশ্ববিদ্যালয় ৬টি অনুষদ ও ৩টি ইনস্টিটিউটের অধীনে সর্বমোট দুই হাজার শিক্ষার্থী ভর্তি করানো হবে।

আবেদনসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য নিম্নলিখিত হেল্প নম্বরে যোগাযোগ করে পাওয়া যাবে। আবেদনের ক্ষেত্রে বিল নম্বর ও ট্রানজেকশন আইডি সংক্রান্ত ০১৭৫৫৬০০৭৬৯, ০১৭৫৫৬০০৭৭০, ছবি ও স্বাক্ষর সংক্রান্ত প্রয়োজনে ০১৭৫৫৬০০৭৭১, ০১৭৫৫৬০০৭৭২, প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত প্রয়োজনে ০১৭৫৫৬০০৭৭৩, ০১৭৫৫৬০০৭৭৪ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে।